দৈনিক সংবাদ

MAY 06 2002

তারিখ ……………
পৃষ্ঠা ৭ কলাম ২

# জয়নাল হাজারী কলেজ পুনরায় পাবলিক কলেজ হলো

ফেনী থেকে সংবাদদাতা ঃ ফেনী শহরের উত্তরাংশে অবস্থিত জয়নাল হাজারী কলেজের নাম পরিবর্তন করে ফেনী পাবলিক কলেজ হিসেবে নামকরণ পুনর্বহাল করা হয়েছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কুমিল্লার কলেজ পরিদর্শক আলী আকবর সইকৃত এক আদেশে এ নাম পরিবর্তন করা হয়। ১৯৯৩ সালে প্রতিষ্ঠিত ফেনী পাবলিক কলেজটি ২০০০ সালে সাবেক সাংসদ ১৫ লাখ টাকা অনুদান দিয়ে কলেজটি নিজের নামে নামকরণ করেন; কিন্তু জেলা প্রশাসকের একটি তদন্ত প্রতিবেদনে হাজারীর প্রদত্ত অনুদান ব্যয়ে নিয়মনীতি লংঘনের বিষয় ধরা পড়ে। অনুদানের টাকাসহ ৩২ লাখ টাকার অধিক ছাত্রছাত্রীদের পোশাক, সাইকেল ক্রয়, টাই, জুতা, মোজা, প্যান্ট ইত্যাদি খাতে ব্যয় করা হয়েছে, যা বিধি বহির্ভূত। তদন্ত কমিটির প্রতিবেদন বিবেচনা করে কলেজ পরিদর্শক জয়নাল হাজারী কলেজকে পূর্বের নাম ফেনী পাবলিক কলেজ হিসেবে নামকরণ পুনর্বহাল করেন।